

## ল্যাবরেটরী স্কুলে বোমাঃ দুইজন ছাত্র গ্রেফতার

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)  
ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুলে বোমাবাজির অভিযোগে পুলিশ স্কুলের দুজন ছাত্রকে গ্রেফতার করেছে। পুলিশ স্কুল থেকে দুটি বোমাও উদ্ধার করেছে। গত সোমবার ও মঙ্গলবার পর পর দুদিন ল্যাবরেটরী স্কুলে এই বোমাবাজি হয়।

জানা গেছে, দশম শ্রেণীর প্রিন্সিপ্যালের পেরীক্ষা পেছানোর জন্য ছাত্রদের দাবীকে কেন্দ্র করে এ বোমাবাজির ঘটনা ঘটে। গত রোববার থেকে এ পরীক্ষা শুরু হয়েছে।

সোমবার সকালে পরীক্ষা শুরু হওয়ার পর স্কুলের আশপাশে ৪/৫টি বোমা বিস্ফোরিত হয়।

(৫-এর পৃঃ দ্রঃ)

## দুইজন ছাত্র গ্রেফতার

(২য় পৃঃ পর)  
পুলিশ রোববার স্কুলের পরীক্ষার হলের দরজার তালার সঙ্গে লাগানো একটি বোমাও উদ্ধার করে।

গতকাল সকাল আটটায় পরীক্ষা শুরু হওয়ার পর পনেরায় বোমাবাজি শুরু হয়। সকাল ৮টা থেকে ৯টার মধ্যে প্রায় ৬টি বোমা বিস্ফোরিত হয়।

এসব ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে পুলিশ আরিফুর রহমান ও হারুন-অব-বশীদ নামে স্কুলের দুজন ছাত্রকে গ্রেফতার

করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইসি চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান ঘটনাস্থল পরিদর্শন করেছেন এবং বিষয়টি তদন্তের নির্দেশ দিয়েছেন।

এ ব্যাপারে গতকাল ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুলের প্রিন্সিপ্যালের সঙ্গে বৈঠক করা হলে তিনি বোমাবাজির ঘটনার সত্যতা স্বীকার করেন। তবে কে বা কারা এ বোমাবাজির ঘটনা ঘটিয়েছে, তা তিনি অবগত নন বলে জানান।